'আমিষেই শক্তি, আমিষেই মুক্তি'

একই তারিখ ও স্মারকের প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃত্রিম প্রজনন দপ্তর
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।

স্মারক নং- ৩৩.০১.০০০০.০০০.৬০০.১১.০০০১.২৪-১৪৬০

০৪ অগ্রহায়ণ ১৪৩৩
১৯ নভেম্বর ২০২৬

আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাক্রয়ের বিজ্ঞপ্তি

প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন কৃত্রিম প্রজনন দপ্তর,ঢাকা এর আওতায় আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয়ের জন্য অর্থ বিভাগের আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ ও অর্থ মন্ত্রণালয়ের ২১-০৯-২০২৬ তারিখের ০৭.০০.০০০০.০০০.১৫৩.৯৯.০০০১.১৯-৭৭৩; নং স্মারকের পরিপত্র অনুযায়ী সরাসরি চুক্তি সম্পাদনের মাধ্যমে নিম্নবর্ণিত ক্যাটাগরি ও শর্তসাপেক্ষে সেবাক্রয়ের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে আগ্রহপত্র/দরখাস্তআহ্বান করা যাচ্ছে।

সারণী- ক

ক্রমিক নং	পদের নাম ও সেবামূল্য	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
০১.	এ.আই টেকনিশিয়ান (ক্যাটাগরি-১) সেবামূল্যঃ আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ এর তপসিল-'খ' অনুযায়ী।	৪৯৫টি (প্রতি উপজেলায় ০১(এক) জন করে মোট ৪৯৫ জন)।	এসএসসি /সমমান	সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা

সেবা ক্রয়ের শর্তাবলি:

১. আগ্রহী প্রার্থীদের নির্ধারিত সরকারী চাকরির আবেদন ফরমে অথবা সাদা কাগজে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, নিজ জেলা, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার বিবরণ উল্লেখপূর্বক স্ব-হস্তে লিখিত/টাইপকৃত জীবনবৃত্তান্ত (CV) আবেদনপত্র হিসেবে গণ্য হবে।

২. আবেদনপত্র আগামী ০৬ ডিসেম্বর ২০২৬ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর,ফার্মগেট, ঢাকা-১২১৫ বরাবর রেজিষ্ট্রি ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহন করা হবে না।

৩. আবেদনপত্রের খামের উপর প্রার্থীর **পদের নাম, নিজ জেলা ও উপজেলার নাম** উল্লেখ করতে হবে। আবেদন পত্রের সাথে ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের কপি, প্রশিক্ষণ সনদের কপি,অভিজ্ঞতা সনদের কপি, জাতীয় পরিচয়পত্রের কপি, নিবন্ধিত মোবাইল নম্বর এবং নাগরিকত্ব সনদপত্র প্রদান করতে হবে।

৪. বয়সসীমা: বর্ণিত পদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ হতে ৬০ বছর (আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ (সংশোধিত) অনুযায়ী)।

৫. আবেদনকারীগণকে প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর অনুমোদিত প্রশিক্ষণ প্রতিষ্ঠান / জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র থেকে ০৪ মাস ব্যাপী এবং সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার অধীনস্থ ০২ মাসের মাঠপর্যায়ের প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে অধিদপ্তারাধীন দপ্তর/প্রকল্প হতে বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ প্রাপ্ত বর্নিত কাগজপত্রাদি আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে) সনদপত্র /মনোনয়নপত্র/ প্রশিক্ষণ সমাপ্তির প্রত্যয়নপত্র প্রমানক হিসেবে দাখিল করা বাধ্যতামূলক।

৬. কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর প্রসাশনিক অনুমোদন প্রাপ্ত কর্মরত সেবাপ্রদানকারী এ.আই টেকনিশিয়ানগণ আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন।

৭. সরকারী প্রতিষ্ঠানে এ.আই টেকনিশিয়ান হিসাবে কৃত্রিম প্রজনন কাজের ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। যদি কোন উপজেলায় ১০ বছরের অভিজ্ঞ প্রার্থী পাওয়া না যায় তবে তদনিম্ন সর্বোচ্চ অভিজ্ঞ প্রার্থী বাছাই করা হবে।

৮. সারণী-'ক' এ উল্লেখিত সেবা ক্রয়ের মেয়াদ চুক্তির তারিখ হতে ৩০ জুন ২০২৭ পর্যন্ত কার্যকর থাকবে।

৯. নির্বাচিত এ.আই টেকনিশিয়ানগণকে মালামাল সরবরাহ দেয়ার পূর্বে নিম্নস্বাক্ষরকারীর সাথে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে এবং প্রতিমাসে কমপক্ষে ৫০ (পঞ্চাশ) টি প্রজনন কাজ হবে এই মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

১০. এ.আই টেকনিশিয়ান স্বেচ্ছায় কৃত্রিম প্রজনন কাজ বন্ধ করলে / কোন কারনে উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্ব থেকে অব্যাহতি প্রাপ্ত হলে, গ্রহণকৃত মালামাল সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এর নিকট জমা দিতে বাধ্য থাকবেন। অন্যথায় তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. সেবা ক্রয়ের এই অনুমোদন ভবিষ্যতে প্রাণিসম্পদ অধিদপ্তরে সরকারী স্থায়ী চাকুরী প্রদানের কোনরুপ নিশ্চয়তা প্রদান করে না।

১২. কৃত্রিম প্রজনন কাজ চালুর পর নির্বাচিত প্রার্থীগণ খামারী / সুফলভোগীর নিকট থেকে সরকার নির্ধারিত এ.আই ফি ব্যতিত অতিরিক্ত কোন ফি গ্রহন করতে পারবেন না। নির্ধারিত প্রজনন ফি, সরকারি কোষাগারে (**নির্ধারিত অর্থনৈতিক কোডে**) যথাসময়ে জমা দিতে হবে এবং কৃত্রিম প্রজনন সংক্রান্ত যাবতীয় প্রতিবেদন প্রতিমাসে সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নিকট যথাসময়ে দাখিল করতে হবে।

১৩. অসদাচরণ বা কর্মে অবহেলা পরিলক্ষিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্মীর চুক্তি বাতিল করা হবে।

১৪. সেবা ক্রয়ের ক্ষেত্রে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ (সংশোধিত) এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১৫. প্রযোজ্য ক্ষেত্রে বৈধ আবেদনকারীগণকে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি এসএমএস এর মাধ্যমে জানানো হবে এবং এ বিষয়ে বিস্তারিত তথ্য www.dls.gov.bd এবং www.aic.dls.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

১৬. প্রযোজ্য ক্ষেত্রে আবেদনকারীগণকে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭. সর্বক্ষেত্রে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ (সংশোধিত) এর শর্তাবলি অনুসরণ করা হবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ছাড়াই বিজ্ঞপ্তি বাতিল /সংশোধন/পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। সেবা ক্রয় সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২২/১১/২০২৬
ফরিদা ইয়াছমিন
পরিচালক
কৃত্রিম প্রজনন দপ্তর
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

CamScanner